

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
কটিয়াদী, কিশোরগঞ্জ।
E-mail: ulo.katiadi@gmail.com

স্মারক নং-৩৩.০১.৪৮৪৫.০০০.১৬.০০১.২৩.৫৭৬

তারিখ : ২০/০২/২০২৪ খ্রিঃ

নোটিশ

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় কটিয়াদী উপজেলাসহ সারাদেশে একযোগে ২০ ফেব্রুয়ারী ২০২৪ ইং তারিখ হতে ২৮ মার্চ ২০২৪ ইং তারিখ পর্যন্ত প্রাণিসম্পদ বিষয়ক তথ্য সংগ্রহের জন্য ডিজিটাল সার্ভে কার্যক্রম বাস্তবায়ন করা হবে। উক্ত সার্ভে কার্যক্রম উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কটিয়াদী, কিশোরগঞ্জ এর কর্মকর্তা, কর্মচারীবৃন্দ দায়িত্ব পালন করবেন। সংগৃহীত তথ্য উক্ত উপজেলার জন্য সরকার কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণে কার্যকর ভূমিকা পালন করবে। সংশ্লিষ্ট সার্ভে কর্মীদের নিকট সঠিক তথ্য প্রদান করার জন্য সকলের নিকট অনুরোধ করা হলো।



২০/০২/২০২৪

(ডাঃ মুহাম্মদ কামরুল ইসলাম)
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
কটিয়াদী, কিশোরগঞ্জ।

প্রাপক

১। চেয়ারম্যান, (সকল), কটিয়াদী, কিশোরগঞ্জ।

অনুলিপি :

- ০১। প্রকল্প পরিচালক, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কিশোরগঞ্জ।
- ০৪। অফিস কপি।